গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ.ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
পিএবিএক্স-৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স-৫৫০৭৯৪৪৩
E-mail-dg@nimc.gov.bd, web-www.nimc.gov.bd

নং : ১৫.৫৫.০০০০.৩০৩.২৬.০১৪.১৯.২৬৭

০৯ পৌষ ১৪২৭
২৪ ডিসেম্বর ২০২০

বিষয় : **"জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বর্তমান ভবনের সম্প্রসারণ এবং অডিটোরিয়াম নির্মাণ (২য় পর্যায়)" শীর্ষক সমাপ্ত কর্মসূচির অধীনে নির্মিত শেখ রাসেল অডিটোরিয়ামটি বহমাত্রিক ব্যবহার সংক্রান্ত নীতিমালা প্রণয়ন।**

সূত্র : তথ্য মন্ত্রণালয়, প্রশাসন-৪, অধিশাখার ৩০ নভেম্বর ২০২০ তারিখের ১৫.০০.০০০০.০১৮.২২.০০২.১৭.২৬২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ,জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বর্তমান ভবনের সম্প্রসারণ এবং অডিটোরিয়াম নির্মাণ (২য় পর্যায়)" শীর্ষক সমাপ্ত কর্মসূচির অধীনে নির্মিত শেখ রাসেল অডিটোরিয়ামটি বহুমাত্রিক ব্যবহার সংক্রান্ত নীতিমালা সংশোধনপূর্বক প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, শেখ রাসেল অডিটোরিয়ামটি বহমাত্রিক ব্যবহার সংক্রান্ত নীতিমালা তাঁর সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযোজনী: বর্ণনামতে।

26/12/20
(শাহিন ইসলাম, এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
দূরালাপনীঃ ৫৫০৭৯৪২৮

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

**বিষয় : ''জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বর্তমান ভবনের সম্প্রসারণ এবং অডিটোরিয়াম নির্মাণ (২য় পর্যায়)'' শীর্ষক কর্মসূচির অধীনে নির্মিত শেখ রাসেল অডিটোরিয়ামটির বহুমাত্রিক ব্যবহার সংক্রান্ত নীতিমালা।**

''জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বর্তমান ভবনের সম্প্রসারণ এবং অডিটোরিয়াম নির্মাণ (২য় পর্যায়)'' শীর্ষক সমাপ্ত কর্মসূচির অধীনে নির্মিত অডিটোরিয়ামটি এ ইনস্টিটিউটের প্রয়োজনে এবং বহুমাত্রিক ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এতদবিষয়ে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করলেন, যথা :

১। সংক্ষিপ্ত শিরোনাম : এ নীতিমালা **''শেখ রাসেল অডিটোরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা''** ২০২০ নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞা** :- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এ নীতিমালায় :

(ক) **''কর্তৃপক্ষ''** বলতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬ বুঝাবে।

(খ) **''অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান''** বলতে অডিটোরিয়ামটি ব্যবহারের জন্য আবেদনকৃত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে বুঝাবে।

৩। **অডিটোরিয়াম নির্মাণের উদ্দেশ্য:**

৩.১। অডিটোরিয়াম নির্মাণের মাধ্যমে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালন করে মানব সম্পদের উন্নয়ন এবং প্রবৃদ্ধিসহ প্রশিক্ষণের সার্বিক উন্নয়ন সাধন।

৩.২। দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডসহ অর্থনৈতিক, সামাজিক, শিল্পসাহিত্য ও সাংস্কৃতিক কর্মকান্ডের ওপর প্রত্যক্ষ ও পরোক্ষ অবদানে সহযোগিতাকরণ।

৩.৩। অডিটোরিয়াম ভাড়া দেওয়ার ফলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি করার সুযোগ উন্মোচন।

৩.৪। কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা রাখার ক্ষেত্র প্রস্তুতকরণ।

৩.৫। এশিয়া প্যাসিফিক ইনস্টিটিউট অব ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট (AIBD) এর সদস্য প্রতিষ্ঠান হিসেবে ''জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট'' কর্তৃক আন্তর্জাতিক, আঞ্চলিক ও দেশীয় প্রশিক্ষণ এবং সেমিনার ও কর্মশালার আয়োজনে ব্যাপক ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি।

৪। **অডিটোরিয়াম ব্যবহারের শর্তাবলী :**

৪.১। এ ইনস্টিটিউট প্রয়োজনে যে কোন দিন ও সময় অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে।

৪.২। সরকারি, আধাসরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং ব্যক্তি প্রতিষ্ঠান ও ব্যক্তি কর্তৃক ভাড়ার বিনিময়ে অডিটোরিয়ামটি ব্যবহার করতে পারবে।

৪.৩। অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে অডিটোরিয়ামটি যে কাজে ভাড়ায় ব্যবহার করা হবে তা উল্লেখ করে ৭ (সাত) দিন পূর্বে অডিটোরিয়াম ব্যবহারের জন্য নির্ধারিত ফরমে লিখিত আবেদন করতে হবে।

৪.৪। এ ইনস্টিটিউট বা রাষ্ট্রীয় প্রয়োজনে যে কোন সময় অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের সাথে তাদের অনুমোদন বাতিল, সংশোধন, সংযোজন বা পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করবে।

৪.৫। **''অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান''** কেবলমাত্র অনুমোদিতদিন / দিনসমূহে সকাল ০৯: ০০টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত অডিটোরিয়ামটি ব্যবহার করতে পারবে।

৪.৬। চলচ্চিত্র প্রদর্শন, নাটক মঞ্চায়ন, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ সুস্থ চিত্তবিনোদনমূলক এবং শিক্ষামূলক অনুষ্ঠান আয়োজনের জন্য এ অডিটোরিয়াম ব্যবহার করা যাবে।

চলমান পাতা-২

মোঃ আবু হাসান
উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

মারুফ হোসেন
রক্ষণ প্রকৌশলী
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

মোঃ মুনজুরুল আলম

শাহিন ইসলাম, এনডিসি
মহাপরিচালক

৪.৭। এ ইনস্টিটিউটের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য রাত ১০ টার পর কর্তৃপক্ষের অনুমোদনকৃত অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের নিয়োজিত নিরাপত্তা কর্মী বা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতিত কোন সদস্য বা কর্মী অডিটোরিয়াম এলাকা বা এ ইনস্টিটিউট ক্যাম্পাসে অবস্থান করতে পারবে না।

৪.৮। অডিটোরিয়ামের অধিকতর নিরাপত্তা নিশ্চতকরণের জন্য প্রয়োজনে কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় নিরাপত্তা কর্মী নিয়োগ করতে পারবে।

৪.৯। জাতীয় ইতিহাস ও ঐতিহ্য, শিল্প-সংস্কৃতি এবং ধর্মীয় মূল্যবোধ পরিপন্থি কোন অনুষ্ঠান অডিটোরিয়ামে মঞ্চস্থ, ধারণ বা আয়োজন করা যাবেনা। বিদেশী কোন প্রতিষ্ঠান বাংলাদেশের ইতিহাস, শিল্প-সংস্কৃতির পরিপন্থি নয় অথচ তাদের দেশের ইতিহাস, শিল্প-সংস্কৃতির আলোকে অনুষ্ঠান করতে পারবে।

৪.১০। অডিটোরিয়াম ব্যবহারের জন্য নিম্নোক্ত সুবিধাদি প্রাপ্য হবে:

ক) ১৯২ টি দর্শক আসনবিশিষ্ট শব্দ অন্তরক ব্যবস্থাসহ অডিটোরিয়াম ও সংলগ্ন গ্রীন রুম।
খ) শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা।
গ) যন্ত্রপাতিসহ শব্দ ও আলোক ব্যবস্থা এবং নিয়ন্ত্রণকক্ষ।
ঘ) অগ্নিনির্বাপন ব্যবস্থা।
ঙ) বেসমেন্টে ১০টি কার পার্কিং এর স্থান।
চ) ইন্টারকম সিস্টেম।

৪.১১। লভ্য সুবিধাদির মধ্যে শীতাতপ নিয়ন্ত্রণ, শব্দ, আলোক যন্ত্রপাতি ও আনুষঙ্গিক এবং মূলস্ক্রীন ও অগ্নিনির্বাপন ব্যবস্থাসহ কারিগরি সকল বিষয়াদি এ ইনস্টিটিউট এর জনবলের তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে।

৪.১২। স্থাপিত শব্দ বা আলোক সরঞ্জামাদির যথাযথ ব্যবহার করে নাটক বা অনুষ্ঠান পরিবেশন করতে হবে। চলচ্চিত্র প্রদর্শনের ক্ষেত্রে প্রজেক্টর, শব্দ যন্ত্রপাতিসহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান স্থাপন করবে। চলচ্চিত্র প্রদর্শন ছাড়াও অন্য কোন অনুষ্ঠানের প্রয়োজনে শব্দ বা আলোক সরঞ্জামাদি এ ইনস্টিটিউট কর্তৃপক্ষের অনুমতিক্রমে বাইরে থেকে ভাড়া করে এনে অডিটোরিয়ামে ব্যবহার করা যাবে। এই ভাড়া করা সামগ্রী কাজ শেষ হলে এ ইনস্টিটিউট ক্যাম্পাসের বাহিরে নিয়ে যেতে হবে।

৪.১৩। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়ামের ভৌত অবকাঠামো, সমূদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক ব্যবহারের ক্ষেত্রে এর নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৪.১৪। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়াম ব্যবহারকালে অডিটোরিয়ামে কোন দ্রব্যের, আসবাবপত্রের বা কোন অংশের ক্ষতিসাধিত হলে বা যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর ক্ষতি বা নষ্ট হয়ে গেলে সেবা গ্রহণকারী/অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান, এ ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে কর্তৃপক্ষের নির্ধারিত হারে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৪.১৫। বিদ্যুৎ বিভ্রাট হলে নিজস্ব জেনারেটর দিয়ে অডিটোরিয়ামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট গ্রহণ করবে। তবে, এক্ষেত্রে জেনারেটর ব্যবহারের ব্যয় অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান বহন করবে এবং তাৎক্ষনিক পরিশোধ করতে হবে।

৪.১৬। নিয়ন্ত্রণ বহিভুক্ত কারণে বিদ্যুৎ বিভ্রাট, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং আলোক ও শব্দ ব্যবস্থার কোন সমস্যা দেখা দিলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪.১৭। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান নাটক মঞ্চায়ন বা অনুষ্ঠান শেষ হবার সাথে সাথেই প্রয়োজনে সঙ্গে আনা সেট ও প্রপসসহ সকল মালামাল অডিটোরিয়াম থেকে সরিয়ে নিয়ে যেতে হবে। কোন অবস্থাতেই এই সব দ্রব্যাদি অডিটোরিয়ামের ভিতর বা অন্য কোন স্থানে সংরক্ষণ করা যাবে না।

৪.১৮। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান আহারের জন্য নির্ধারিত স্থান ব্যতিত অডিটোরিয়াম বা এ ইনস্টিটিউটের ক্যাম্পাসের কোন স্থান ব্যবহার করতে পারবে না। অডিটোরিয়াম ও এর সন্নিহিত এলাকায় ধূমপান, মাদকদ্রব্য সেবন এবং মদ্যপানসহ যে কোন অসামাজিক কার্যক্রম সম্পূর্ণ নিষিদ্ধ।

চলমান পাতা-৩

মোঃ আবু হাসান
উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

মারুফ হোসেন
রক্ষণ প্রকৌশলী
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

শাহিন ইসলাম, এনডিসি
মহাপরিচালক

৪.১৯। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শিত চলচ্চিত্র, মঞ্চায়িত নাটক বা সাংস্কৃতিক অনুষ্ঠান যদি জাতীয়/মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থি, ধর্মীয় বিদ্বেষ সৃষ্টিকারী, অসামাজিক, অশালীন কিংবা আপত্তিকর বা উত্তেজনাকর বলে কর্তৃপক্ষের নিকট বিবেচিত হয়, তাহলে কর্তৃপক্ষ যে কোন সময় তাৎক্ষণিকভাবে নাটক মঞ্চায়ন বা অনুষ্ঠান বন্ধসহ অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি বাতিল করতে পারবে এবং এরূপ ক্ষেত্রে প্রয়োজনে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠান এই অডিটোরিয়াম ব্যবহারের অযোগ্য বলে বিবেচিত হবে। সে ক্ষেত্রে অগ্রিম পরিশোধকৃত অর্থ ৫০% (পঁঞ্চাশ শতাংশ) কর্তন করা যাবে।

৪.২০। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান অডিটোরিয়ামটি কোন অবস্থাতেই কোন প্রকার স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের বিশেষ কোর্স পরিচালনা কিংবা কোন রাজনৈতিক সংগঠনের কর্মকান্ড পরিচালনার জন্য ব্যবহার করতে পারবে না।

৪.২১। এই নীতিমালা অডিটোরিয়াম বরাদ্দ প্রাপ্তির আবেদনের দিন থেকে কার্যকর হবে এবং সাময়িকভাবে অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, সমূদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানকে বুঝিয়ে দেওয়া হবে। অডিটোরিয়াম ব্যবহার সমাপ্তির পরে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান ভৌত কাঠামো ও সমূদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এ ইনস্টিটিউটের নির্বাচিত কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিতে হবে।

৪.২২। এই নীতিমালায় বিধৃত হয়নি, অথচ প্রয়োজনীয়, এমন কিছু উদঘাটিত হলে, এই নীতিমালা অনুসরণে এ ইনস্টিটিউটের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংযোজন করা যাবে।

৪.২৩। অডিটোরিয়াম বা এর কোন স্থানে অথবা এ ইনস্টিটিউটের ক্যাম্পাসে কোন আগ্নেয়াস্ত্র বা সরকার কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে এমন দ্রব্য বহন, সংরক্ষণ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কর্তৃপক্ষ এবং আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৪.২৪। অডিটোরিয়ামে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের নীতিমালা, বিদ্যমান আইন ও বিধিবিধান অনুসরণ করতে হবে।

৪.২৫। অনুষ্ঠান বা কার্যক্রম চলাকালীন অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অডিটোরিয়াম ও এ ইনস্টিটিউট ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সার্বক্ষনিক পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা কর্মী নিয়োজিত করতে হবে।

৪.২৬। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান, কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং অন্য কোন স্থাপনা পরিবর্তন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে না। তবে প্রয়োজনবোধে অডিটোরিয়াম ও এর বাহিরে সাজসজ্জা, আলোক সজ্জা সরকারী নিয়ম অনুযায়ী করা যাবে।

৪.২৭। অডিটোরিয়াম বরাদ্দের আবেদন মঞ্জুর করা বা না করা এবং কোন কারন দর্শানো ছাড়া যেকোন সময় প্রদত্ত অনুমতি বাতিল করার সম্পূর্ণ অধিকার জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট সংরক্ষণ করবে। এছাড়া প্রদত্ত অনুমতি, কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করা হলে সে ক্ষেত্রে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে।

৪.২৮। এ ইনস্টিটিউট কর্তৃপক্ষ বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি নিয়মিত/সময় সময় অডিটোরিয়াম পরিদর্শনকালে অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর কোন পরিবর্তন, সংযোজন, পরিমার্জন লক্ষ্য করলে তাৎক্ষণিক অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষন করবে এবং ব্যবহারকারী প্রতিষ্ঠান ক্ষতিপূরণ প্রদানসহ দ্রুত সংশোধনের ব্যবস্থা করবে।

৪.২৯। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের কোন নেশাগ্রস্থ, মাদকাসক্ত বা মারাত্মক সংক্রামিত (infected) কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ অডিটোরিয়াম বা এ ইনস্টিটিউট ক্যাম্পাসে অবস্থান করতে পারবে না।

৪.৩০। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান অডিটোরিয়াম ও এর সংলগ্ন এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখবে।

৪.৩১। বিদ্যুৎ বিভ্রাট বা অন্য কোন দূর্ঘটনার কারণে অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর আংশিক বা সম্পূর্ণ ক্ষতিগ্রস্থ হলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান তা নিজ উদ্যোগ ও খরচে সংশোধন, মেরামত, পরিবর্তন ও প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে।

৪.৩২। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়ামটি ব্যবহারের সময় অডিটোরিয়ামের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য এ ইনস্টিটিউট কর্তৃপক্ষ বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি নিয়মিত/সময় সময় অডিটোরিয়াম পরিদর্শন করতে পারবেন।

চলমান পাতা-৪

মোঃ আবু হাসান
উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

মারুফ হোসেন
রক্ষণ প্রকৌশলী
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

মোঃ মুনজুরুল আমলক

শাহিন ইসলাম, এনডিসি
মহাপরিচালক

৫। ভাড়ার হার :

৫.১। অডিটোরিয়াম ব্যবহারের লক্ষ্যে অনুষ্ঠান শুরুর নির্ধারিত তারিখের নূন্যতম ০২ (দুই) দিন পূর্বে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা প্রতি কর্ম দিবসের ০৮ ঘন্টার জন্য ১০,০০০/- (টাকা দশ হাজার) টাকা মাত্র এবং বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠান/ব্যক্তি ইত্যাদি প্রতি কর্ম দিবসের ০৮ ঘন্টার জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা মাত্র এবং অতিরিক্ত এক ঘন্টার জন্য ১,০০০/- (এক হাজার) (সরকারি) টাকা এবং ২,০০০/- (দুই হাজার) (বেসরকারি) টাকা হারে মোট ভাড়া এবং ধার্যযোগ্য ভ্যাটসহ সর্বমোট হিসাবের টাকা নির্ধারিত চালানে তফসিলভুক্ত ব্যাংকের মাধ্যমে সরাসরি সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৫.২। অডিটোরিয়ামটি ব্যবহারের জন্য অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান' কর্তৃক অতিরিক্ত জামানত বাবদ প্রতি কর্ম দিবসের জন্য ৳ ৫,০০০/- (টাকা পাঁচ হাজার) মাত্র যে কোন তফসীল ব্যাংক থেকে পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট আকারে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর অনুকূলে অডিটোরিয়াম ব্যবহারের পূর্বে জমা প্রদান করতে হবে। যা অডিটোরিয়াম ব্যবহার শেষে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ফেরত যোগ্য।

৫.৩। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ জমা দিতে ব্যর্থ হলে অডিটোরিয়ামটি ব্যবহার করার জন্য অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের বরাদ্দ বাতিল হবে।

৫.৪। নির্ধারিত সময়ের মধ্যে প্রযোজ্য ভ্যাট, অডিটোরিয়ামের ভাড়া ও জামানতের অর্থ প্রাপ্তির পর কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত প্রতিনিধির মাধ্যমে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অডিটোরিয়ামটি ব্যবহারের সুবিধা দেয়া হবে।

৬। আবেদনের নিয়মাবলী :

৬.১। অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তিকে নির্ধারিত সময়কালের মধ্যে অডিটোরিয়াম ব্যবহারের অনুমতির জন্য নির্ধারিত ফরমে, মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, মিরপুর, ঢাকা বরাবর আবেদন করতে হবে।

৬.২। বরাদ্দ পাওয়ার ক্ষেত্রে ব্যবহারের ০৭ (সাত) দিন পূর্বে আবেদন জমা দিতে হবে।

৬.৩। একবার জমা দেওয়া আবেদন পত্র কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনরূপ পরিবর্তন, সংযোজন বা বিয়োজন করা যাবে না। আবেদনকারীকে আবেদন পত্রে নিম্নোক্ত মর্মে অঙ্গীকার করতে হবে।

৬.৩.১। আবেদনপত্রে বিধৃত সকল বিষয় ও তথ্য সম্পূর্ণ সত্য।

৬.৩.২। আবেদনপত্রে বিধৃত বিষয় ও তথ্য ছাড়া অন্য কোন বিষয় বা তথ্য কর্তৃপক্ষ জানতে চাইলে আবেদনকারী জানাতে বাধ্য থাকবে।

৬.৩.৩। আবেদনকারী অত্র নীতিমালার সকল শর্ত মানতে বাধ্য থাকিবে।

৬.৪। কর্তৃপক্ষ কর্তৃক অডিটোরিয়াম ব্যবহারের অনুমোদন প্রাপ্তির পর অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তিকে অডিটোরিয়ামের ভাড়া ও অন্যান্য পাওনাদি অফিস চলাকালীন সময়ে পরিশোধ করতে হবে। সকল পাওনাদি পরিশোধের গর অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের অনুকূলে চূড়ান্ত অনুমতি পত্র প্রদান করা হবে।

৬.৫। চূড়ান্ত অনুমতি পত্র না পাওয়া পর্যন্ত অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তি অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে না।

মোঃ আবু হাসান
উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

মারুফ হোসেন
রক্ষণ প্রকৌশলী
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

মোঃ মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

শাহিন ইসলাম, এনডিসি
মহাপরিচালক

চলমান পাতা-৫

৬.৬। অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক অডিটোরিয়াম ব্যবহারের তারিখ পরিবর্তনের আবেদন জানালে অডিটোরিয়াম খালি থাকা বা হওয়া সাপেক্ষে তারিখ পরিবর্তনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৬.৭। চূড়ান্ত অনুমতিপত্র পাবার পর কোন কারণে অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তি ''অডিটোরিয়াম বরাদ্দের নির্ধারিত তারিখের ০৩ (তিন) দিন পূর্বে বরাদ্দ বাতিল করার আবেদন জানালে ভাড়ার ১০%, দুই দিন পূর্বে আবেদন জানালে ভাড়ার ২৫% ও এক দিন পূর্বে জানালে ৭৫% অর্থ কর্তন এবং অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তি'' র বরাদ্দের নির্ধারিত তারিখে জানালে জমা দেয়া অর্থের সম্পূর্ণই বাজেয়াপ্ত হবে।

৬.৮। এক সংগঠনের নামে বরাদ্দকৃত অডিটোরিয়াম অন্য সংগঠন ব্যবহার করতে পারবে না। সংগঠনের পরিচিতি নিশ্চিত করনের জন্য যথাযথ কর্তৃপক্ষের রেজিষ্ট্রেশন / অনুমোদন পত্র সংযোজন করতে হবে।

৬.৯। অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তিকে আবেদনের সাথে যে বিষয়ে অনুষ্ঠান আয়োজন করা হবে তার নাম, তারিখ, সময়, আমন্ত্রিত অতিথিদের নাম, পদবী, প্রতিষ্ঠান ও মোবাইল নম্বর এবং সংশ্লিষ্ট জনবলের তালিকা সংযুক্ত করতে হবে।

৭। **রক্ষণাবেক্ষণ ও মেরামত :**

৭.১। গণপূর্ত অধিদপ্তরের বহিঃভূক্ত প্রতিষ্ঠান বিধায় গণপূর্ত অধিদপ্তর (পূর্ত ও বৈ:/যা:) কর্তৃক অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, সমূদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ সম্পন্ন করা হবে।

৭.২। এ ইনস্টিটিউট কর্তৃপক্ষ বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, সমূদয় যন্ত্রপাতি এবং দ্রব্যাদি নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ তদারকি করবে।

৭.৩। অডিটোরিয়ামের জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষণ (পূর্ত ও বৈ:/যা:) কাজ প্রয়োজনবোধে এ ইনস্টিটিউট কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে এ ইনস্টিটিউটের বাজেট থেকে ব্যয় নির্বাহ করে সম্পন্ন করা যাবে।

৮। **নীতিমালার ব্যাখ্যা :**

৮.১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অডিটোরিয়ামটি বহুমাত্রিক ব্যবহার সংক্রান্ত নীতিমালা সংশোধন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে।

৮.২। এ নীতিমালার কোন শব্দ বা শব্দাবলির ব্যাখ্যার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯। **নীতিমালার প্রয়োগ :**

৯.১। এ নীতিমালা জারীর তারিখ থেকে কার্যকর হবে।

৯.২। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের জন্য সকল ক্ষেত্রেই এ নীতিমালার আলোকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত বাতিল, পরিবর্তন, সংযোজন, সংশোধন চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন প্রকার আপিল বা আবেদন, নিবেদন গ্রহণযোগ্য বা বিবেচিত হবে না।

৯.৩। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়ামটি ব্যবহারের ক্ষেত্রে এ নীতিমালার সাথে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

মোঃ আবু হাসান
উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

মারুফ হোসেন
রক্ষণ প্রকৌশলী
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

মোঃ মুনজুরুল
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

শাহিন ইসলাম, এনডিসি
মহাপরিচালক